দৈনিক ইত্তেফাক

তারিখ 16 JUL 1993
পৃষ্ঠা ১২ কলাম ৪

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কোর্স কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করিবে

..................শিক্ষা প্রতিমন্ত্রী

বাসস ॥ শিক্ষা প্রতিমন্ত্রী মোহাম্মদ ইউনুস খান বলিয়াছেন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিভিন্ন স্তরের ব্যাপক জনগোষ্ঠির জন্য যেসব কোর্স চালু করিতে যাইতেছে উহা দেশের জন্য খুবই প্রয়োজনে আসিবে। গণশিক্ষা, ব্যবস্থাপনা, নার্সিং, কৃষি এবং ভাষা সংক্রান্ত কোর্সগুলি দেশে এবং বিদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করিবে। গতকাল তিনি ঢাকায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং কমনওয়েলথ অব লার্নিং আয়ো-

(২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

### শিক্ষা প্রতিমন্ত্রী

(শেষ পৃঃ পর)

জিত 'পাঠ্যসূচী নকশা ও গণ-মাধ্যম পরিকল্পনা' শীর্ষক তিন-দিনব্যাপী সেমিনার ও ওয়ার্কশপের উদ্বোধন করেন। অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ এম শমসের আলী, কানাডীয় বিশেষজ্ঞ জিম বিজোচ্চি, প্যাকিস্তানের হায়দার ভুরগি এবং বিশ্ববিদ্যালয়ের জনাব গিয়াসউদ্দিন ও ডঃ এনামুল হক।

ভাইস চ্যান্সেলর তাঁহার বক্তৃতায় আশা প্রকাশ করেন, ওয়ার্কশপের সুপারিশমালা বিশ্ববিদ্যালয়ের জন্য খুবই উপকারে আসিবে।